গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব গাঁজা ও টাকাসহ আটক

মেহেরপুরের গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিলকে ১শ গ্রাম গাঁজা ও নগদ ৫৩ হাজার ১শ টাকাসহ আটক করেছে সেনাবাহিনী।

শনিবার রাতে তাকে আটক করা হয়। রবিবার সকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে বলে নিশ্চিত করেছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার রায়।

আটক ছাত্রনেতা শাকিল আহমেদ গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক সাইদুল ইসলামের ছেলে।

ওসি উত্তম কুমার রায় জানান, তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে। এছাড়া তার কাছ থেকে উদ্ধার হওয়া ৫৩ হাজার ১০০ টাকার বিষয়ে তদন্ত চলছে।

একই দিনে মেহেরপুরের দুই বিএনপি নেতার মৃত্যু

মেহেরপুরে একই দিনে হৃদরোগে আক্রান্ত হয়ে গাংনী ও মুজিবনগর উপজেলার দুই বিএনপি নেতা ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মৃতরা হলেন, গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ও মাইলমারী গ্রামের বাসিন্দা মফিজুর রহমান বাচ্চু এবং মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবরপাড়া ২ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ছমির উদ্দিন মোল্লা।

শনিবার রাতে পৃথক সময়ে হৃদরোগে আক্রান্ত হয়ে তারা মৃত্যুবরণ করেন। তাদের আকস্মিক মৃত্যুতে পরিবার, স্বজন ও বিএনপির নেতাকর্মীদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

মরহুম মফিজুর রহমান বাচ্চু ও ছমির উদ্দিন মোল্লার রুহের মাগফিরাত কামনা করে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে সকলের কাছে দোয়া প্রার্থনা করেছেন পরিবারের সদস্যরা।

মেহেরপুরে জেলা বিএনপির বর্ধিত সভা অনুষ্টিত

মেহেরপুর জেলা বিএনপির আয়োজনে অনুষ্ঠিত বর্ধিত সভায় নেতৃবৃন্দ সংগঠনের ঐক্য, শৃঙ্খলা এবং ভবিষ্যৎ আন্দোলন-সংগ্রাম জোরদারের আহ্বান জানান। আজ শনিবার সকালে মেহেরপুর শহরের খান কমিউনিটি সেন্টারে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এবং দলের মনোনীত প্রার্থী মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সাবেক সংসদ সদস্য ও বিএনপির মনোনীত প্রার্থী আমজাদ হোসেন।

বক্তারা বলেন, দলের ভেতরে কোনো ধরনের বিভ্রান্তি বা বিভেদ নেই। সবাইকে ঐক্যবদ্ধ থেকে সাংগঠনিক কার্যক্রম আরও শক্তিশালী করতে হবে। তৃণমূল পর্যায়ে দলের অবস্থান সুদৃঢ় করতে নেতাকর্মীদের সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান তারা।

বর্ধিত সভা সঞ্চালনা করেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। সভায় জেলা ও উপজেলা পর্যায়ের বিএনপি ও অঙ্গসংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের দোয়া মাহফিল

ঝিনাইদহে বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত বৃহস্পতিবার বাদ যোহর আইনজীবী ভবনে বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের উদ্দ্যোগে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিল পরিচালনা করেন, এ্যাডভোকেট আবু তৈয়ব। বক্তব্য রাখেন, জেলা বিএনপি’র সভাপতি এ্যাডভোকেট এম.এ মজিদ, ঝিনাইদহ জজ কোটের পিপি ও সাবেক জেলা আইনজীবী সমিতির সভাপতি ও জেলা বিএনপ’র সাবেক আহ্বায়ক এ্যাডভোকেট এস. এম. মশিয়ুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন, জিপি এ্যাড. মোকাররম হোসেন টুলু, আইনজীবী ফোরামের সভাপতি রাশিদুল হাসান জাহাঙ্গীর, সাবেক সাধারণ সম্পাদক এ্যাড.আকিদুল ইসলাম, আইজীবী সমিতির সভাপতি কাজী একরামূল হক আলম, সাধারণ সম্পাদক এ্যাড. শফিউল আলম, বিএনপি সদও উপজেলা সভাপতি মন্সী কামাল আজাদ পান্নু, মানব ও শিশু পাচার পিপি দবির হোসেন সহআইনজীবী বৃন্দ। অনুষ্ঠানে বেগম খালেদা জিয়াার রুহের মাগফেরাত কামনায় আল্লাহর দরবােও বিশেষ মোনাজাত করা হয়।

মেহেরপুরের বলিয়ারপুরে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রাম বিএনপি’র আয়োজনে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ আসর বলিয়ারপুর পুর্বপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সাবেক ইউপি সদস্য মহিউদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যবসায়ী হাজি লিয়াকত আলী সর্দার, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম মল্লিক, সাবেক ইউপি চেয়ারম্যান শামসুল আলম।

অনুষ্ঠান সঞ্চালনা করেন, সাবেক যুবদল সভাপতি আরিফ হোসেন। এসময় উপস্হিত ছিলেন বিএনপি নেতা জাহাঙ্গীর মাস্টার, আলিহিম, হায়দার, বজলু, হুমায়ুন কবির, লস্কর আলী, শামসুল আলম, ফরিদ হোসেন, রফিক, সুরুজ, মিলন, আবুল কালাম, সিরাজুল ইসলাম সহ পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন গ্রামের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় খালেদা জিয়ার রুহে’র মাগফিরাত কামনায় স্মরণ সভা ও দোয়া মাহফিল

জাতীয় ঐক্যের প্রতিক, বাংলাদেশের অবিসংবাদিত অভিভাবক ও তিন বারের সাবেক সফল প্রধানমন্ত্রী বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়া’র রুহে’র মাগফেরাত কামনায় স্বরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টায় হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড যুবদলের আয়োজনে জয়রামপুর স্টেশন সংলগ্ন আখ সেন্টার নামক স্থানে এ স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে হাউলী ৩নং ওয়ার্ড বিএনপি’র ভারপ্রাপ্ত সভাপতি আবু হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। এসময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, ৩নং ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক আব্দুর

রাজ্জাক, ইউনিয়ন বিএনপি’র সিনিয়র নেতা পিয়ার মোহাম্মদ, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক সোহেল রানা, উপজেলা যুবদলের সদস্য মমিনুল ইসলাম মমিন, হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম আরিফ, কৃষক দলের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মমিন, ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তামিম হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা বিএনপি’র সহসভাপতি মনিরুজ্জামান মনির বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনা করে বলেন, এ দেশের গণতন্ত্র ও ভোটাধিকার রক্ষার আন্দোলনে বেগম খালেদা জিয়ার ভূমিকা ইতিহাসে অনন্য ও অবিস্মরণীয়। বেগম খালেদা জিয়ার আদর্শ, ত্যাগ ও রাজনৈতিক দর্শন বিএনপি নেতাকর্মীদের জন্য আজও প্রেরণার উৎস।

স্মরণ সভায় বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। একই সঙ্গে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক শাকিল আহমেদ। দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন, জেলা উলামা দলের সদস্য হাফেজ মাওলানা নাজমুল হুসাইন বিপ্লবী। অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য হুমায়ুন কবির ডাবলু।

আলমডাঙ্গা ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির নির্বাচনী কমিটি গঠন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন–২০২৬ উপলক্ষ্যে ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির আয়োজনে নির্বাচনী পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। চুয়াডাঙ্গা–১ আসনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফের নির্বাচনী কার্যক্রমকে সুসংগঠিত ও গতিশীল করতে ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির উদ্যোগে নির্বাচনী পরিচালনা কমিটি গঠন করা হয়েছে।

বুধবার বিকালে আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়নের ভাংবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত এ আয়োজনে সভাপতিত্ব করেন ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান।

অনুষ্ঠানে উপজেলা বিএনপির পক্ষ থেকে দায়িত্বপ্রাপ্ত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ও ভাংবাড়ীয়া ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত নেতা, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি সানোয়ার হোসেন লাড্ডু। তিনি তার বক্তব্যে বলেন—“দেশের গণতন্ত্র ও ভোটাধিকার পুনরুদ্ধারে এই নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তৃণমূলের প্রতিটি নেতাকর্মীকে ঐক্যবদ্ধ হয়ে ধানের শীষের পক্ষে কাজ করতে হবে। জনগণের ভালোবাসাই হবে আমাদের শক্তি।”

বিশেষ অতিথি উপজেলা কৃষকদলের সাবেক সভাপতি বোরহান উদ্দিন বলেন—“বিএনপি কখনো আন্দোলনের মাঠ থেকে পালিয়ে যায়নি। কৃষক, শ্রমিক ও সাধারণ মানুষের অধিকার রক্ষায় ধানের শীষের বিজয় নিশ্চিত করা এখন সময়ের দাবি।”এছাড়াও বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা বিশ্বাস, উপজেলা বিএনপি নেতা আব্দুল মজিত।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সভাপতি সাজিবুল হক রাজন–এর সঞ্চালনায় সভায় আরও উপস্থিত ছিলেন ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আতাউল হুদা, সাবেক সাধারণ সম্পাদক সাহিবুল ইসলাম সন্টু, সিনিয়র সহ-সভাপতি আব্দুল কুদ্দুস মিরা, সহ-সভাপতি মজিরুল ইসলাম বিজু ও এখলাচুর রহমান, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মফিজুর রহমান রাজা, যুগ্ম সাধারণ সম্পাদক তহিবুল হুদা তুহিন ও মিজানুর রহমান, সাংগঠনিক সম্পাদক আব্দুল মাবুদ, সাবেক সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সাইফুল হুদা সোহেল, সাবেক যুবদল সভাপতি শহিদুল ইসলাম ঝন্টু, মুর্শিদ কলিনসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী।
কমিটি ঘোষণা

সভা শেষে উপস্থিত নেতাকর্মীদের সর্বসম্মতিক্রমে ৩১ সদস্য বিশিষ্ট ভাংবাড়ীয়া ইউনিয়ন নির্বাচনী পরিচালনা কমিটি ঘোষণা করা হয়। কমিটির নেতৃবৃন্দ ধানের শীষের বিজয় নিশ্চিত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

মুজিবনগরে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের মেম্বার সিরাজুল ইসলামের ব্যক্তিগত উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকেলে ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের রামনগর গ্রামে জাতীয়তাবাদী দল বিএনপির ওয়ার্ড কার্যালয়ে এ কম্বল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রায় ১৫০ জন দরিদ্র ও অসহায় পরিবারের মাঝে শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম মোল্লা, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আজিমুদ্দিন গাজী, উপজেলা কৃষক দলের সভাপতি আরমান আলী, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি সোহাগ, রমজান আলী, ইসরাফিল গাজীসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

বিতরণ শেষে ৮ নম্বর ওয়ার্ড মেম্বার সিরাজুল ইসলাম বলেন, দীর্ঘ ১৫-১৬ বছর আওয়ামী লীগ সরকারের আমলে তিনি ইউনিয়ন পরিষদ থেকে তেমন কোনো বরাদ্দ পাননি। তবে প্রতি বছরই নিজ উদ্যোগে শীত মৌসুমে তার ওয়ার্ডের গরিব ও দুঃখী মানুষের পাশে দাঁড়িয়ে সেবামূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।

তিনি আরও বলেন, সামর্থ্য থাকলে ভবিষ্যতেও এই মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে।

তারেক রহমানের নিরাপত্তা টিমে পরিচালক হিসেবে নিয়োগে পেলেন ক্যাপ্টেন (অব.) গণী

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নিরাপত্তা টিমে অভিজ্ঞতা ও পেশাদারিত্বকে গুরুত্ব দিয়ে তিনজন সাবেক সেনা কর্মকর্তাকে নিয়োগ দেওয়া হছে। এ টিমে মেহেরপুর সদর উপজেলা আমঝুপি গ্রামের সাবেক সেনা কর্মকর্তা ক্যাপ্টেন (অব.) মো. গণী উল আজম রয়েছেন।

নতুন এই নিয়োগের মাধ্যমে তার নিরাপত্তা, প্রটোকল ও সমন্বয় কার্যক্রমকে আরো সুসংগঠিত ও কার্যকর করার লক্ষ্য নেওয়া হয়েছে।

মঙ্গলবার (৬ জানুয়ারি) রাতে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয় ‘সংশিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নিরাপত্তা টিমের পরিচালক (নিরাপত্তা) হিসেবে মেজর (অব.) মোহাম্মদ শাফাওয়াত উল্লাহ, পরিচালক (প্রটোকল) হিসেবে মেজর (অব.) মইনুল হোসেন এবং পরিচালক (সমন্বয়) হিসেবে ক্যাপ্টেন (অব.) মো. গণী উল আজমকে নিযুক্ত করা হয়েছে।

গত বছরের ১৭ ডিসেম্বর তারেক রহমানের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে প্রধান নিরাপত্তা কর্মকর্তার দায়িত্ব পেয়েছিলেন ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম।

আমাকে ভোট দেওয়া মানেই তারেক

রহমানকে ভোট দেওয়া-রাশেদ খান

আমাকে ভোট দেওয়া মানেই দেশনায়ক তারেক রহমানকে ভোট দেওয়া, এমন মন্তব্য করেছেন ঝিনাইদহ-৪ আসনে বিএনপির মনোনীত ধানের শীষ প্রতীকের প্রার্থী রাশেদ খান।

মঙ্গলবার (৬ জানুয়ারি) দুপুরে এক ভিডিও বার্তায় তিনি এ কথা বলেন। রাশেদ খান জানান, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এবং দলের হাইকমান্ড তাকে ঝিনাইদহ-৪ আসনে মনোনয়ন দিয়েছেন। মনোনয়ন পাওয়ার পর থেকেই তিনি এলাকায় নির্বাচনী কার্যক্রম শুরু করেছেন। তিনি বলেন, ঝিনাইদহ-৪ আসন একটি বিএনপি অধ্যুষিত এলাকা। এ আসনে অতীতেও একাধিকবার ধানের শীষের প্রার্থী বিজয়ী হয়েছেন। এখানকার মানুষ ধানের শীষ প্রতীকের প্রতি আস্থাশীল। দলীয় সিদ্ধান্তের অংশ হিসেবেই তাকে এই আসনে প্রার্থী করা হয়েছে।

রাশেদ খান আরও বলেন, ঝিনাইদহ তার নিজ জেলার এলাকা। আমি জাতীয় পর্যায়ের রাজনীতিবিদ হিসেবে তিনি যেকোনো আসন থেকে নির্বাচন করতে পারেন। বিএনপির অনেক নেতাই নিজ নিজ জন্মস্থান বা পছন্দের এলাকা থেকে নির্বাচন করেন। এই আসনে একাধিক নেতা আগ্রহী ছিলেন, তবে শেষ পর্যন্ত দল তাকে মনোনয়ন দিয়েছেন।

মনোনয়ন না পেয়ে যারা ক্ষুব্ধ হয়েছেন, তাদের উদ্দেশে তিনি বলেন, আমি তাদের প্রতি উদাত্ত আহ্বান জানাই, আসুন আমরা সবাই একসাথে কাজ করি এবং বিএনপির হাতকে শক্তিশালী করি। তিনি আশা প্রকাশ করেন, দলীয় শৃঙ্খলা রক্ষা করে কেউই স্বতন্ত্র প্রার্থী হিসেবে মাঠে থাকবেন না।

তিনি বলেন, তৃণমূলের নেতাকর্মীরাই দলের প্রকৃত শক্তি। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে বিশ্বাসী এবং দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে শ্রদ্ধাকারী সবাইকে তারেক রহমানের নেতৃত্বে ঐক্যবদ্ধ হয়ে ধানের শীষের পক্ষে কাজ করতে হবে।

রাশেদ খান আরও বলেন, এবারের নির্বাচন আগের যেকোনো নির্বাচনের চেয়ে ভিন্ন। এখানে উচ্চকক্ষ ও নিম্নকক্ষ রয়েছে। ধানের শীষে যত বেশি ভোট পড়বে, তত বেশি আসন বিএনপি পাবে। স্বতন্ত্র প্রার্থীর ভোট বাস্তবে কোনো কাজে আসবে না।

তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করে বলেন, ঝিনাইদহ-৪ আসনে যাকেই বিএনপি

ধানের শীষের প্রার্থী করবে, তিনিই জয়ী হবেন। আমি আমার জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদী।

শেষে তিনি বলেন, ধানের শীষে ভোট দিলে বিএনপি ক্ষমতায় আসবে, আর সেটাই হবে দেশনায়ক তারেক রহমানকে বিজয়ী করা। বিএনপিই একমাত্র দল যাদের রাষ্ট্র পরিচালনার অভিজ্ঞতা রয়েছে। বিএনপি ক্ষমতায় এলে দেশের জনগণ ভালো থাকবে এবং তারুণ্যের স্বপ্ন বাস্তবায়িত হবে।